



অস্থায়ী ভিসাধারীদের কোভিড-১৯ এর জরুরী সুবিধা বর্ধিত করা হয়েছে

- অস্থায়ী ভিসাধারীদের কোভিড-১৯ এর জরুরী সুবিধা আরো ৬ মাসের জন্য বর্ধিত করা হয়েছে।
- এই স্বল্প কালীন সুবিধাটি ২৮শে ফেব্রুয়ারীতে সমাপ্ত হবার কথা ছিল কিন্তু তা এই বৎসরের ৩১ শে আগস্ট পর্যন্ত বর্ধিত করা হয়েছে।
- যেহেতু কোভিড-১৯ এর কারণে এখনও নির্দিষ্ট কিছু দেশে ভ্রমণ সীমিত রয়েছে, জরুরী সুবিধা বর্ধিত করা মানে সামাজিক উন্নয়ন মন্ত্রণালয় অস্থায়ী ভিসাধারী যারা, দুর্ভোগের মধ্যে অবস্থান করছে এবং নিজ গৃহে ফিরে আসতে পারছে না, কোভিড-১৯ এ প্রয়োজনে তাদের সহায়তা অব্যাহত রাখতে পারে।
- জরুরী সুবিধায় যারা প্রাথমিক জীবনযাত্রার ব্যয়ভার বহনে অপারগ এবং COVID-19 (কোভিড -১৯) এর কারণে নিজ দেশে ফিরতে পারছেন না।
- **কোভিড-১৯ এর সতর্কতার স্তর ১:** জরুরী সুবিধা পেমেন্ট ২৮শে ফেব্রুয়ারির শেষে বর্ধিতের পরে বা প্রথম বারের জন্য আবেদন করতে ব্যক্তিবর্গকে ওয়ার্ক এণ্ড ইনকাম পরিষেবা কেন্দ্র ভিজিট করতে হবে। আপনার নিকটবর্তী পরিষেবা কেন্দ্র খুঁজে পেতে অনুগ্রহ করে নীচের লিঙ্কে ক্লিক করুন:
<https://www.workandincome.govt.nz/about-work-and-income/contact-us/find-a-service-centre/>
- **কোভিড-১৯ এর সতর্কতা স্তর ২, ৩ অথবা ৪:** বিদ্যমান জরুরী সুবিধা পেমেন্টের পুনঃমূল্যায়ন এবং ২৮শে ফেব্রুয়ারীর শেষে বর্ধিতের পরে বা প্রথম বারের জন্য আবেদন করতে ফোন কলে বুক করার জন্য ব্যক্তিবর্গ ০৮০০ ৫৫৯ ০০৯ -এ ফোন করতে পারে।
- যেসব ব্যক্তিবর্গ জরুরী সুবিধা প্রাপ্তের যোগ্যতা অর্জন করেছেন, তাদের ফ্যামিলি ট্যাক্স ক্রেডিট এবং বেস্ট স্টার্ট ট্যাক্স ক্রেডিট এবং ১লা মে ২০২১ থেকে, উইল্টার এনার্জি পেমেন্টও পেতে পারেন।
- এটা প্রত্যাশিত যে অস্থায়ী ভিসা ধারী যারা জরুরী সুবিধা গ্রহণ করছেন তারা নিজেদের সমর্থনে কাজ বা অন্যান্য উপায় খুঁজবেন এবং যখন সম্ভব, নিজ গৃহে প্রত্যাবর্তন করবেন, তাও অন্তর্ভুক্ত।
- মিনিস্ট্রি অব সোশ্যাল ডেভেলপমেন্ট (এমএসডি) যখনই সম্ভব ব্যক্তিদের উপযুক্ত অস্থায়ী কর্মসংস্থানের সুযোগের সাথে লিঙ্ক করা অব্যাহত রাখবেন।
- আবেদন করতে সহায়তা:
 - আবেদন ফর্মটি সম্পূর্ণ করায় আপনাকে সহায়তা করতে আপনি ওয়ার্ক এণ্ড ইনকাম পরিষেবা কেন্দ্রের কর্মী সহ যে কাউকেই বলতে পারেন। নিশ্চিত করুন যে এই উক্ত ব্যক্তি আবেদনের ফর্মটিতে হেল্পার স্টেটমেন্ট সম্পূর্ণ করেছেন।
 - মিনিস্ট্রি অব সোশ্যাল ডেভেলপমেন্ট এ আপনার পক্ষে কাজ করার জন্য যে কোন ব্যক্তিকে বেছে নিতে পারেন। এই ব্যক্তিকে এজেন্ট বলা হয়। আপনার পক্ষে অন্য ব্যক্তির কাজ করার বিষয়ে আরো তথ্য এখানে উপলব্ধ: <https://www.workandincome.govt.nz/on-a-benefit/your-rights-and-responsibilities/having-someone-act-on-your-behalf.html>
 - আপনার নিজস্ব ভাষায় কারো সাথে কথা বলতে অনুরোধ করতে পারেন। দোভাষীদের ফোনে, অ্যাপয়েন্টমেন্টের জন্য ব্যবস্থা করা যেতে পারে বা সশরীরে যখন সতর্কতার মাত্রা অনুমতি দেয়। দোভাষীদের জন্য আরো তথ্য এখানে উপলব্ধ:
<https://www.workandincome.govt.nz/about-work-and-income/contact-us/language-lines/index.html>

- অস্থায়ী ভিসাধারীদের কোভিড-১৯ এ জরুরী সুবিধা সম্পর্কে ওয়ার্ক এণ্ড ইনকাম ওয়েবসাইট-এ আরো তথ্য জানতে: <https://www.workandincome.govt.nz/covid-19/temporary-visa-holders.html>.

এই বার্তাটি ট্রান্সলেশান সার্ভিসেস, ডিপার্টমেন্ট অফ ইনটার্নাল অ্যাফেয়ার্স দ্বারা অনুদিত এবং মাল্টিলিঙ্গুয়াল ইনফর্মেশন নেটওয়ার্ক দ্বারা শেয়ার করা হয়েছে। নেটওয়ার্কটির উপর আরও তথ্যের জন্য ভিজিট করুন:

www.ethniccommunities.govt.nz